## জুন,২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত পানছড়ি উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব **চন্দ্র দেব চাকমা**, প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, পানছড়ি। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, পানছড়ি, খাগড়াছড়ি |
| সভার তারিখ ও সময় | : | ২৭ জুন, ২০২২খ্রি: ; সময় : বেলা ১০.৩০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যদের নাম | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| বিবেচ্য মাস | : | মে, ২০২২খ্রি:। |

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অত:পর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি কে অনুরোধ করেন। শুরুতে গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অত:পর কার্যবিবরণীতে কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্মবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী | গত সভার কার্যবিবরণী অনুমোদিত। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। |
| ২ | উপজেলা কমিটিসমূহের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা কমিটিসমূহের সভা অনুষ্ঠিত না হওয়ায় কোন প্রস্তাব পাওয়া যায়নি। এর পরিপ্রেক্ষিতে নিয়মিত সভা আহ্বান করে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বে উপজেলা কমিটির সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | **সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবগণ।** |
| ৩ | **<u>স্বাস্থ্য বিভাগ :</u>** উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান যে, বহি: বিভাগে উপস্থিতি রোগীর সংখ্যা ২৩৭৭ জন, জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৭৯ জন, অন্ত:বিভাগে ভর্তি রোগীর সংখ্যা ২২১ জন। হাসপাতালে প্রসূতি ডেলিভারী রোগীর সংখ্যা ১৪ জন, মোট এএনসি-১ম ৫৫ জন, ৪র্থ-৬৫ জন এবং পিএনসি ১৪৭ জন। ম্যালেরিয়া রোগীর সংখ্যা- ৩ জন টিবি রোগীর সংখ্যা= ১০ জন। অত্র উপজেলায় কোভিড-১৯ নিবন্ধিত সংখ্যা ৪১২৬৪ জন, ১ম ডোজ প্রদান ৪০৯৫৫ জন, দ্বিতীয় ডোজ ৪০৬৪৮ জন, প্রদান করা হয়নি ৩০৯ জন এবং ৩য় ডোজ প্রদান ১০,৭৪৪ জন জন মর্মে সভায় উপস্থাপন করেন।<br>তিনি আরো জানান যে, বর্ষার মৌসুমে ডেঙ্গু/ম্যালেরিয়া অনেকাংশে বৃদ্ধি পায় তজ্জন্য সাধারণ জনগনকে কীটনাশকযুক্ত মশারি ব্যবহার করার প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | (ক) নিয়মিত কর্মস্থলে কর্মচারীর উপস্থিতি নিশ্চিতকরণ সহ জনস্বার্থে সার্বক্ষনিক চিকিৎসা সেবা কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) কোভিড-১৯ ৩য় ডোজ গ্রহণের জন্য এলাকার জনসাধারণকে উদ্বুদ্ধ করণের জন্য সংশ্লিষ্ট ইউ.পি. চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br>(গ) বর্ষার মৌসুমে ডেঙ্গু/ম্যালেরিয়ার প্রকোপ বিস্তাররোধকল্পে এলাকায় সচেতনতা বৃদ্ধিসহ এলাকায় বহুল প্রচারের জন্য সংশ্লিষ্ট ইউ.পি. চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হয়। | স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা ও ইউ.পি. চেয়ারম্যান (সকল) পানছড়ি। |
| ৪ | **<u>পরিবার পরিকল্পনা বিভাগ:</u>** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যা ১২০৯৬ জন, খাবার বড়ি গ্রহণকারী (নতুন) ৭৯ জন, কন্ডম ব্যবহারকারী (নতুন) ১৭ জন, মোট ইনজেকশন গ্রহণকারী (নতুন) ৩৫ জন, আইইউডি গ্রহণকারী (নতুন) ০৩ জন, ইমপ্ল্যান্ট গ্রহণকারী (নতুন) ৩৬ জন, স্থায়ী পদ্ধতি- পুরুষ বন্ধ্যাকরণ, মহিলা বন্ধ্যাকরণ ০০ জন, গর্ভখালাস ০১ জন, সাধারণ রোগী সেবা ৯১২ জন, চলতি মাসে নব দম্পতির সংখ্যা (নববিবাহিতা) ০৭ জন, সর্বমোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী (নতুন+পুরাতন) ৯৩০৬ জন, সর্বমোট গ্রহণকারীর হার ৭৭.৭৬%, | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) নিয়মিত উঠান বৈঠক কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।<br>(গ) বাল্যবিহাহ, কিশোরীর মাতৃত্ব এবং প্রজননতন্ত্রের সংক্রমন ও যৌনবাহিত রোগ বিষয়ে নিয়মিত কাউন্সেলিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলার মোট জনসংখ্যা ৬৫১৫৯ জন, চলতি মাসে উঠান বৈঠক ১৩ জন, উপজেলার জনসংখ্যার বৃদ্ধির হার ০.০৫% মর্মে সভায় উপস্থাপন করেন। | | |
| ৫ | **কৃষি বিভাগ** : উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জানান যে, অত্র উপজেলায় মোট ৩০০ জন ক্ষুদ্র প্রান্তিক কৃষক/কৃষাণীর মধ্যে ৫ কেজি বীজ, ডিএপি ১০ কেজি, এমওপি ১০ কেজি করে আমন প্রণোদনা দেয়া হয়েছে। চলতি মাসে ১৯০ মে.টন বরাদ্দ এবং উত্তোলন করা হয়েছে। তন্মধ্যে টিএসপি, ১৫৪ মে.টন ডিএপি ৬৫ মে.টন বরাদ্দ পাওয়া গিয়েছে এবং উত্তোলনের বিষয়ে এখনো নির্দেশনা প্রদান করা হয় নি মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) নির্দেশনানুযায়ী সার উত্তোলন করার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) পর্যাপ্ত পরিমাণে সার মজুদ রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(গ) পুষ্টির চাহিদা মেটানোর জন্য বসতভিটায় শাক-সবজি বাগান সৃজনের মাধ্যমে প্রান্তিক কৃষকদেরকে উদ্বুদ্ধ করনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, পানছড়ি। |
| ৬ | **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি মাসে ০৬ জন মাছ চাষীকে অফিসে পরামর্শ প্রদান এবং ৭টি প্রশিক্ষণপ্রাপ্ত চাষীর খামার পরিদর্শন করা হয়েছে। মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমে আওতায় সর্বমোট ৮.২৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। অনাদায়ী ঋণের পরিমাণ ৩.৬৫৯২০ লক্ষ টাকা। আদায় হার ৫৬%। তিনি আরো জানান যে, পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় (২০২১-২০২২) ২য় ধাপে ৫টি ইউনিয়ন থেকে নিবন্ধিত জেলে/মৎস্যজীবিদের মধ্য হতে অতি দরিদ্র, অসহায় মোট ১০টি জেলে পরিবারকে এককালীন বিকল্প আয়বর্ধক সহায়তা হিসেবে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের উপস্থিতিতে ছাগল বিতরণ করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমের আওতায় অনাদায়ী ঋণ আদায়ের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) বরাদ্দ পত্রের শর্ত এবং নীতিমালা অনুযায়ী তালিকাভূক্ত পরিবারের মাঝে বিতরণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি কে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি |
| ৭ | **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, সংক্রমণ রোগ প্রতিরোধে গবাদি টিকা প্রদান ২,২০৪ মাত্রা, হাঁস-মুরগী টিকা প্রদান ১২,০০০ মাত্রা, গবাদি পশু চিকিৎসা ১৬৩০টি, হাঁস-মুরগী চিকিৎসা ১৫,২১০ টি, কৃত্রিম প্রজনন ১০৪টি, রাজস্ব আদায়: গবাদি পশু হাঁস-মুরগী টিকা বিক্রয় বাবদ ৩,০৬৫ টাকা, কৃত্রিম প্রজনন ফি বাবদ ৩১২০ টাকা, খামার পরিদর্শন-০১টি, উঠান বৈঠক ১১টি, ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প ০১টি এবং খামারী প্রশিক্ষণার্থী ৭০ জন মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) প্রাণি সম্পদের স্বাস্থ্য সুরক্ষার জন্য চিকিৎসা এবং টিকা প্রদান কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) আসন্ন কোরবানী পশুর হাটে ফ্রি মেডিকেল টিমের মাধ্যমে কোরবানীর পশুর হাট তদারকীর জন্য অনুরোধ করা হয়।<br>(গ) নিয়মিত খামার পরিদর্শন ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পানছড়ি। |
| ৮ | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :** (ক) উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান যে, ২০২১-২০২২ অর্থবৎসরে উন্নয়ন সংশোধিত বাজেটে “ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা” খাতের আওতায় ইউনিয়নের অনগ্রসর, প্রাকৃতিক দূযোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী অত্র | (ক) বিধি অনুযায়ী ১,২ ও ৩নং প্রকল্পগুলো টেন্ডার প্রক্রিয়ায় বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলায় মোট ১১,০০,০০০/- (এগার লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। মাননীয় মন্ত্রীর নিম্নরূপ ০৩টি প্রকল্প বাস্তবায়নের জন্য উপস্থাপন করেন।<br>(১) চেংগী ইউনিয়নে জগৎ মোহন পাড়ার কালা চাকমার দোকান হতে মনি পাড়া সলেন্দ্র ত্রিপুরার বাড়ি পর্যন্ত রাস্তা উন্নয়ন। বরাদ্দের পরিমাণ-৩,৫০,০০০/-টাকা।<br>(২) চেংগী ইউনিয়নে কিনাধন বৈদ্য পাড়ার ইট সলিং রাস্তার মুখ হতে নীলমনি চাকমার বাড়ি পর্যন্ত রাস্তা উন্নয়ন। বরাদ্দের পরিমাণ-৩,৫০,০০০/-টাকা।<br>(৩) লতিবান ইউনিয়নের উগ্যাপাড়া রাস্তা ও কালভার্ট সংস্কার এবং দু:স্থ গরিব মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ। বরাদ্দের পরিমাণ-৪,০০,০০০/-টাকা। | | |
| | (খ) ২০২১-২০২২ অর্থবছরে অত্র উপজেলা পরিষদের বাসাবাড়ি মেরামত খাতে অবশিষ্ট ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা RFQ প্রক্রিয়ায় বাস্তবায়ন করা যাবে মর্মে সভায় উপস্থাপন করেন। | (খ) বাসাবাড়ি মেরামত খাতে অবশিষ্ট অর্থ বিধি অনুযায়ী RFQ প্রক্রিয়ায় বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি। |
| | (গ) তিনি আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি দীর্ঘবছর পূর্বে নির্মাণ করা হয়েছে। বর্তমানে ভবনটি ব্যবহার অনুপযোগী অবস্থায় রয়েছে। ফলে জরুরী ভিত্তিতে ভবনটি কনডেমড ঘোষনা করে প্রাক্কলিত মূল্যে বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। যার প্রাক্কলিত মূল্য ৩,০১,৩২৫/- (তিন লক্ষ এক হাজার তিনশত পঁচিশ) টাকা। | (গ) বিস্তারিত আলাপ আলোচনার পর, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি কনডেমড্ ঘোষনার প্রস্তাব অনুমোদনের লক্ষ্যে পার্শ্বে উল্লেখিত প্রাক্কলিত মূল্যে বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণের নিমিত্তে পরবর্তী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি কে অনুরোধ করা হয়। | ঐ |
| | (ঘ) উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনটি দীর্ঘবছর পূর্বে নির্মাণ করা হয়েছে। বর্তমানে ভবনটি ব্যবহার অনুপযোগী অবস্থায় রয়েছে। ফলে জরুরী ভিত্তিতে ভবনটি কনডেমড ঘোষনা করে প্রাক্কলিত মূল্যে বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। যার প্রাক্কলিত মূল্য ১,৭৮,৮২৬/- (এক লক্ষ আটাত্তর হাজার আটশত ছাব্বিশ) টাকা। | (ঘ) বিস্তারিত আলাপ আলোচনার পর, উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনটি কনডেমড্ ঘোষনার প্রস্তাব অনুমোদনের লক্ষ্যে পার্শ্বে উল্লেখিত প্রাক্কলিত মূল্যে বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণের নিমিত্তে পরবর্তী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি কে অনুরোধ করা হয়। | ঐ |
| | (ঙ) উপজেলা মৎস্য অফিস ভবনটিও দীর্ঘবছর পূর্বে নির্মাণ করা হয়েছে। বর্তমানে ভবনটি ব্যবহার অনুপযোগী অবস্থায় রয়েছে। ফলে জরুরী ভিত্তিতে ভবনটি কনডেমড ঘোষনা করে প্রাক্কলিত মূল্যে বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। যার প্রাক্কলিত মূল্য ১,৩৭,২০৩/- (এক লক্ষ সাতত্রিশ হাজার দুইশত তিন) টাকা। | (ঙ) বিস্তারিত আলাপ আলোচনার পর, উপজেলা মৎস্য অফিস ভবনটি কনডেমড্ ঘোষনার প্রস্তাব অনুমোদনের লক্ষ্যে পার্শ্বে উল্লেখিত প্রাক্কলিত মূল্যে বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণের নিমিত্তে পরবর্তী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি কে অনুরোধ করা হয়। | ঐ |

<table>
<tr>
<td>৯</td>
<td><u>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের চলতি অর্থবছরের বাস্তবায়িত উন্নয়নমূলক কার্যক্রম শতভাগ। শুধুমাত্র নিম্নবর্ণিত ০২টি উন্নয়নমূলক প্রকল্পের কাজ অসমাপ্ত অবস্থায় রয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন।<br>
<u>অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণ প্রকল্প :</u>
<table>
<tr><th>প্যাকেজ সংখ্যা</th><th>ঘরের সংখ্যা</th><th>বরাদ্দকৃত টাকা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>০১টি</td><td>০৪টি</td><td>৫১,০৫,৭৪৮</td><td>৭৫%</td></tr>
</table>
<u>অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি :</u>
<table>
<tr><th>উপকারভোগীর সংখ্যা</th><th>বরাদ্দকৃত টাকা</th><th>প্রকল্প সংখ্যা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>৫২৮</td><td>৮৪,৪৮,০০০/-</td><td>১৭টি</td><td>৫০%</td></tr>
</table>
</td>
<td>(ক) নির্দেশনানুযায়ী শতভাগ উন্নয়নমূলক কার্যক্রম সম্পাদনের জন্য প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পানছড়ি কে ধন্যবাদ জানানো হয়।<br><br>(খ) অসমাপ্ত উন্নয়নমূলক ০২টি প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।</td>
<td>প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পানছড়ি।</td>
</tr>
<tr>
<td>১০</td>
<td><u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :</u> সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, ৫৮ গ্রাম প্রকল্পের আওতায় ৬টি কাজের মধ্যে ২টির কাজ হস্তান্তর করা হয়েছে। অবশিষ্ট কাজগুলি চলমান আছে। ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৬০টি নলকূপের মধ্যে ২৩০টি নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৩০টির কাজ চলমান আছে। ২০২১-২০২২ অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৩০টি নলকূপের মধ্যে ৩২টি নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কাজগুলি চলমান আছে। স্কুল পর্যায়ে যেসকল বিদ্যালয়ে পানির উৎস নাই এমন ৬টি বিদ্যালয়ে হাত ধোয়ার বেসিনসহ পানির উৎস স্থাপন করা হয়েছে। তাছাড়া ৪টি বিদ্যালয়ে দ্বিতল ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। আশ্রয়ন প্রকল্পের আওতায় দ্বিতীয় ধাপে ৩০টির মধ্যে ইতিমধ্যে ২৫টি নলকূপের কাজ সম্পন্ন হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন।</td>
<td>(ক) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।<br>(খ) চলমান কাজের অবশিষ্ট পানির উৎসের কাজসমূহ বিধি অনুযায়ী সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।</td>
<td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) পানছড়ি।</td>
</tr>
<tr>
<td>১১</td>
<td><u>প্রাথমিক শিক্ষা বিভাগ :</u> উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বিভাগীয় পর্যায়ে আন্ত: প্রাথমিক বিদ্যালয় ক্রিড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা,২০২২খ্রি: ১০০ মিটার দৌড়ে জেলা পর্যায়ে তথা বিভাগীয় পর্যায়ে অত্র উপজেলাধীন ধুদুকছড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষুদে শিক্ষার্থী জুনা চাকমা ১ম স্থান অধিকার অর্জন করেছে। পরবর্তীতে জাতীয় পর্যায়ে খেলবে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট উপজেলা পর্যায়ে ২৩ জুন,২০২২খ্রি: তারিখ সম্পন্ন হয়েছে। বালক দলে পানছড়ি বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয় এবং বালিকা দলে বড় পানছড়ি (উত্তর) সরকারি</td>
<td>(ক) অত্র উপজেলা হতে বিভাগীয় পর্যায়ে দৌঁড় প্রতিযোগিতা ১ম স্থান অধিকারের জন্য ক্ষুদে শিক্ষার্থী জুনা চাকমাকে অভিনন্দন ও শুভেচ্ছা জানানো হয় এবং তাকে আগামী সভায় আর্থিক সম্মাননা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) উপজেলা পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন দলসমূহকে জেলা পর্যায়ে প্রেরনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, পানছড়ি।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়। আগামী ২৮ জুন,২০২২খ্রি হতে ১৩ জুলাই,২০২২খ্রি: পর্যন্ত গ্রীষ্মকালীন ও ঈদ-উল-আযহা,২০২২ উপলক্ষে সকল প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকবে। তিনি আরো জানান যে, পানছড়ি বাজার মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আবাসিক ভবনের পূর্বদিকের দেয়ালের মাটি ঝড়ে ধ্বসে পড়ে ঝুঁকির মধ্যে নীচে কিছু পরিবার বসবাস করছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মহোদয়ের প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক ঝুঁকিপূর্ণ দেয়ালটি নিলাম প্রক্রিয়ায় অপাসারণের জন্য পত্র প্রেরণ করেছেন মর্মে সভায় উপস্থাপন করেন। | (খ) পানছড়ি বাজার মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আবাসিক ভবনের পূর্বদিকের ঝুঁকিপূর্ণ দেয়ালটি অপসারণের বিষয়ে সরেজমিন তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি। |
| ১২ | **<u>মাধ্যমিক শিক্ষা বিভাগ</u>** : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, উপজেলা পর্যায়ে জাতীয় পুষ্টি সপ্তাহ-২০২২খ্রি: ১৮মে,২০২২খ্রি: তারিখে সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খলভাবে অনুষ্ঠিত হয়েছে এবং শিক্ষা প্রতিষ্ঠানে সুস্বাস্থ্য কার্ড (শুরুমাত্র কিশোরীদের) জন্য বিতরণ করা হচ্ছে মর্মে উপস্থাপন করেন। | (ক) নির্দেশনা অনুযায়ী জাতীয় শিক্ষা সপ্তাহ, ২০২২খ্রি: সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খলভাবে সম্পাদনের মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পানছড়ি কে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পানছড়ি। |
| ১৩ | **<u>সমাজসেবা বিভাগ :</u>** উপজেলা সমাজেসেবা কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের আওতাধীন বিভিন্ন ভাতাভোগীরা স্ব-স্ব বিকাশ, নগদ, রকেট এর মাধ্যমে ভাতা পান। সে প্রেক্ষিতে ভাতাভোগীরা তাদের প্রাপ্য ভাতাসমূহ উত্তোলনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিকাশ, নগদ এবং রকেট এজেন্ট এর মাধ্যমে প্রাপ্য ভাতাসমূহ উত্তোলন করে থাকেন। ফলে ভাতাভোগীরা তাদের সঠিক প্রাপ্য অর্থ উত্তোলনের ক্ষেত্রে নানাবিধ সমস্যায় সম্মুখীন হতে হয় এবং স্ব-স্ব বিকাশ, নগদ, রকেট একাউন্ট-এ পরপর ০৩ (তিন) মাস লেনদেন না করার কারনে একাউন্ট সয়ংক্রিয়ভাবে বন্ধ থাকে ফলে ভাতাভোগীদের তাদের প্রাপ্য ভাতাসমূহ সঠিক সময়ে স্ব-স্ব একাউন্টে জমা হয় না এবং এ বিষয়ে সংশ্লিষ্ট জনপ্রতিনিধিরা বিভ্রান্তিকর অবস্থায় পরে থাকেন মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) ভাতাভোগীদের স্ব-স্ব বিকাশ, নগদ এবং রকেট একাউন্ট সর্বদা সচল রাখার জন্য সংশ্লিষ্ট ইউ.পি. চেয়ারম্যানদের কে এলাকায় বহুল প্রচারের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) সংশ্লিষ্ট বিকাশ, নগদ, রকেট এজেন্টদের কে নিয়ে সভা আহ্বান করে আগামী সভায় অবহিত করার জন্য সংশ্লিষ্ট ইউ.পি. চেয়ারম্যানদের কে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও ইউ.পি. চেয়ারম্যান (সকল) পানছড়ি। |
| ১৪ | **<u>মহিলা বিষয়ক বিভাগ :</u>** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ ভিজিডি চক্রের ১৩৬৩ জনের মে,২০২২খ্রি: মাসের ডিও উত্তোলন ও বিতরণ সম্পন্ন হয়েছে। ভিজিডি উপকারভোগীদের ২০০ টাকা হারে সঞ্চয় জানুয়ারী, ২০২১ হতে আদায় কার্যক্রম চলমান আছে এবং আদায় কার্যক্রম ১০০%।<br>২০২১-২০২২ অর্থবছরে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা উপকারভোগীদের স্ব-স্ব হিসাব নম্বরে ভাতা জমা হচ্ছে। সংশ্লিষ্ট উপকারভোগীর হিসাব নম্বর যাচাই-বাছাই পূর্বক ভাতা বিতরণ প্রক্রিয়া শুরু করা হবে। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) | (ক) ইউনিয়ন পর্যায়ে নারী শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং প্রতিরোধের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কাজ বিধি অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | প্রকল্পের ১৬তম ও ১৭তম ফ্যাশন ডিজাইন ও মোমবাতি ট্রেডের প্রশিক্ষণের জন্য অনলাইনে আবেদন শুরু হয়েছে। বর্তমানে প্রশিক্ষণ কেন্দ্রের ল্যাট্রিনের দরজা ভাঙ্গা এবং ভবনটি সংস্কার করা অতীব জরুরী।  গ্রামীণ মহিলাদের আত্মনির্ভরশীল করার লক্ষ্যে অত্র কার্যালয় হতে বাস্তবায়িত ক্ষুদ্র ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৫টি ক্লাবে কার্যক্রম চলমান আছে এবং পুষ্টি নাস্তা বিতরণ করা হচ্ছে এবং প্রতি মাসে ইউনিয়ন পর্যায়ে নারী শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং বিষয়ে উঠান বৈঠক করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (গ) বিধি অনুযায়ী আয়বর্ধকমূলক প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়নের জন্য অনুরোধ করা হয়।<br><br>(ঘ) আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্পের প্রশিক্ষণ কেন্দ্রের ল্যাট্রিনের দরজা মেরামত ও সংস্কারের বিষয়ে পরবর্তী ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি কে অনুরোধ করা হয়। | <br><br><br>উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি। |
| ১৫ | **<u>পল্লী উন্নয়ন বিভাগ :</u>** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে আলোচনা করা গেল না। | আগামী সভায় উপস্থিতির সময় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পানছড়ি। |
| ১৬ | **<u>সমবায় বিভাগ :</u>** উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, অত্র উপজেলার অডিট বরাদ্দ অডিট অফিসারকে প্রদান করার জন্য জেলা সমবায় অফিসে প্রেরণ করা হয়েছে। এ পর্যন্ত ধার্যকৃত সকল অডিট ফি ধার্য করে জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে ০১টি সমিতির অডিট ফি পরিশোধ করে চালানের কপি জেলা সমাবায় কার্যালয় খাগড়াছড়িতে প্রেরণ করা হয়েছে। এ পর্যন্ত ধার্যকৃত সকল উন্নয়ন তহবিল ধার্য করে জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে তন্মধ্যে ০১টি সমিতির সমবায় উন্নয়ন তহবিল পরিশোধ করে রশিদের কপি জেলা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে উপস্থাপন করেন। | (ক) সমবায় সমিতির সকল বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা<br><br>(খ) লক্ষ্যমাত্রানুযায়ী সমবায় সমিতির অডিট ফি আদায় করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, পানছড়ি। |
| ১৭ | **<u>যুব উন্নয়ন অধিদপ্তর :</u>** যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলমান মাসে ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ২,৮৩,৮৪,০০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়যোগ্য ১,৪৫,০০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়কৃত ১,০৩,০০০/- টাকা চলমান মাসে আদায় হার ৭৩%। চলমান মাসে ক্রমপুঞ্জিত  ঋণ আদায়যোগ্য ২,৫৭,৪৮,০৫০/- টাকা, চলমান মাসে ক্রমপুঞ্জিত ঋণ আদায়কৃত ২,২৪,৭২,০৬৬/- টাকা, আদায় হার ৮৭%। চলমান মাসে ঋণ বিতরণ- নাই। দাপ্তরিক অন্যান্য কাজকর্ম স্বাভাবিক। তিনি আরো জানান যে, খাগড়াছড়ি যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ১ মাস ব্যাপী ড্রাইভিং বিষয়ক প্রশিক্ষণ শুরু হবে। প্রতি উপজেলা হতে ০২ জন করে আগ্রহী বেকার যুবক/যুবতী অংশগ্রহণ করতে পারবে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ আদায়, সঞ্চয় আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | **খাদ্য অধিদপ্তর:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, অত্র উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে অভ্যন্তরীণ বোরো ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ১৪৮.০০ মে:টন এবং আতপ চাউলের লক্ষ্যমাত্রা ৭৮.০০ মে.টন সংগ্রহের জন্য নির্দেশনা প্রদান করা হয়। তন্মধ্যে বোরো ধান সংগ্রহ ৫৪.০০ মে.টন এবং আতপ চাউল ১৮.০০ মে.টন সংগ্রহ করা হয়েছে। বর্তমানে খাদ্য গুদামে ৪৯৮.০৮০ মে: টন (আতপ) চাল, ৮৯.৮৯২ মে: টন (সিদ্ধ) চাল ও ৪৭.৫১৩ মে. টন গম মজুদ আছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী অভ্যন্তরীণ বোরো ধান সংগ্রহ করার জন্য অনুরোধ করা হল।<br><br>(খ) পর্যাপ্ত পরিমাণে খাদ্যগুদামে খাদ্য মজুদ রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পানছড়ি। |
| ১৯ | **বন বিভাগ :** উপজেলা বন কর্মকর্তা জানান যে, বৎসরে ৩টি করে বনজ, ফলজ ও ঔষধি গাছ লাগানোর জন্য সভায় উপস্থিত সকল কে আহ্বান করেন। তিনি আরো জানান যে, পানছড়ি বাজারের রাস্তার ধারে কতিপয় রেইন ট্রি ও কড়ইগাছ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। ফলে যে কোন মুহুর্তে ৩৩ কেভি বৈদ্যুতিক তারের সংস্পর্শে দুর্ঘটনা ঘটে জানমালের ক্ষয়ক্ষতির সম্ভবনা রয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) পানছড়ি বাজারের রাস্তার ধারে রেইন ট্রি ও কড়ইগাছ সমূহ বিধি অনুযায়ী কর্তনের জন্য সংশ্লিষ্ট সদর ইউ.পি চেয়ারম্যান কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা ও চেয়ারম্যান, সদর ইউ.পি. পানছড়ি। |
| ২০ | **আনসার ও ভিডিপি বিভাগ :** তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় উপস্থাপন করেন। তিনি আরো জানান যে, তাঁর দাপ্তরিক অফিসের সামনে পরিত্যক্ত টিনসেড ঘরে এবং উপজেলা সংরক্ষিত এলাকায় গুটিকয়েক যুবক সন্ধ্যার সময়ে মাদকদ্রব্য সেবন করে থাকে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) উপজেলা সংরক্ষিত এলাকায় মাদক দ্রব্য সেবন প্রতিরোধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, পানছড়ি। |
| ২১ | **পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প):** প্রকল্প ব্যবস্থাপক (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প) ব্যবস্থাপক জানান যে, বর্তমানে সম্প্রসারিত পাড়াকেন্দ্রসহ মোট ১৮৩টি পাড়াকেন্দ্র বিদ্যমান আছে। সম্প্রসারিত পাড়াকেন্দ্রগুলোতে পাড়াকর্মী নিয়োগ সম্পন্ন হয়েছে। সম্প্রসারিত পাড়াকেন্দ্রগুলো:(বড় সাঁওতাল পাড়া, কিনাচান, বড়মুরা, লক্ষী রঞ্জন কা: পাড়া ও নতুন শনখোলা পাড়া)। পাড়াকেন্দ্রভূক্ত এলাকার পাড়াকর্মীরা জাতীয় ভিটামিন “এ” প্লাস ক্যাম্পেইনে ৬০৭৭ জন শিশুকে ভিটামিন “এ” ক্যাপসুল খাওয়ানো কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করেছেন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) সম্প্রসারিত পাড়াকেন্দ্রগুলোতে কার্যক্রম পরিচালনা শুরু করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) জাতীয় ভিটামিন “এ” প্লাস ক্যাম্পইনে ভিটামিন “এ” ক্যাপসুল খাওয়ানো কার্যক্রম সুষ্ঠু, সুন্দর ও সুশৃংখলভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট পাড়াকর্মীদের কে ধন্যবাদ জানানো হয়। | প্রকল্প ব্যবস্থাপক (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প) পানছড়ি। |
| ২২ | **পল্লী সঞ্চয় ব্যাংক:** পল্লী সঞ্চয় ব্যাংকের প্রকল্প সমন্বয়কারী জানান যে, চলতি অর্থবছরে ক্রমপূঞ্জিত ঋণ বিতরণ ৭৬৫০.৩১ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৭৫৪.৪৫ টাকা এবং ক্রমপূঞ্জিত সঞ্চয় আদায় ৩২.৭৩ টাকা মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ আদায়, সঞ্চয় আদায় ও ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| ২৩ | **উপানুষ্ঠানিক শিক্ষা বুরো :** উপজেলা প্রোগ্রাম অফিসার সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | প্রোগ্রাম অফিসার উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পানছড়ি। |
| ২৪ | **বিদুৎ বিভাগ :** তাঁর বিভাগের কার্যক্রম দাখিল না করায় এ বিভাগ সর্ম্পকে সভার কার্যবিবরণীতে অর্ন্তভূক্ত করা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (বিউবো) পানছড়ি। |
| ২৫ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের সমাপ্তি প্রতিবেদন তৈরীর কাজ চলমান রয়েছে। ৫ম বছরের জন্য অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রস্তাবনার প্রাক্কলন ও নক্সা খসড়া করা হয়েছে এবং আগামী জুন,২০২২খ্রি: মাসের মধ্যে ইউজিডিপি কার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হবে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) নির্দেশনা অনুযায়ী সমাপ্তি প্রতিবেদন ইউজিডিপি কার্যালয়ে প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>(খ) ৫ম বছরের জন্য অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রস্তাবনার প্রাক্কলন ও নক্সা অনুমোদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ইউডিএফ, UGDP, LGD পানছড়ি। |
| ২৬ | **তথ্য আপা প্রকল্প:** তথ্য সেবা কর্মকর্তা জানান যে, ব্যবসা, শিক্ষা, কৃষি, জেন্ডার, আইন, তথ্য প্রযুক্তি বিষয়ে ডোর টু ডোর সেবা গ্রহণকারীর সংখ্যা ৫৯৩ জন, তথ্যকেন্দ্রে সেবা গ্রহণকারীর সংখ্যা ২৭ জন। চলতিমাসে সেবা গ্রহণকারীর সংখ্যা ৬২০ জন। সর্বমোট ৬২০ জন কে সেবা প্রদান করা হয়েছে মর্মে উপস্থাপন করেন। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | (ক) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রকল্পের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, পানছড়ি। |
| ২৭ | **শিক্ষা ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশুর ক্ষমতায়ন প্রকল্প :** প্রকল্পের এডুকেশন ফ্যাসিলিটেটর জানান যে, ত্রৈমাসিক ভিত্তিতে একবার করে বিদ্যালয় পরিচালনা কমিটি এবং বিদ্যালয়ের মা দলের সদস্যদের সমন্বয়ে ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয় এবং মা দলের সদস্যদের নিয়ে বিদ্যালয় পরিদর্শন সম্পন্ন করা হয়। অত্র প্রকল্পের আওতায় এ উপজেলায় ০৩টি এডাল্ট লার্নিং সেন্টার স্থাপন করা হয়েছে এবং সেসব স্থাপিত সেন্টারগুলোতে ইপসা'র সমন্বয়ে কিশোরীদের মাঝে ডিগনিটি কিটস্ বিতরণ করা সম্পন্ন হয়েছে। সাঁওতাল পাড়া মডেল ভিলেজ এ কৃষি ও খাদ্য নিরাপত্তা প্রকল্পের সমন্বয়ে বয়স্ক শিক্ষা কেন্দ্র চালু করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) নির্দেশনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) বাস্তবায়নাধীন প্রকল্পের কার্যক্রম নিয়মিত পরিদর্শনের জন্য অনুরোধ করা হয়। | এডুকেশন ফ্যাসিলিটেটর শিক্ষা দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশু ক্ষমতায়ন প্রকল্প, পানছড়ি। |
| ২৮ | **বিবিধ : (ক) উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা জানান যে, উপজেলা পরিষদের বন্দোবস্ত এলাকায় বাউন্ডারী ওয়াল/সীমানা প্রাচীর না থাকার ফলে উপজেলা পরিষদ এলাকায় রোপিত বিভিন্ন প্রজাতির গাছগাছালি গবাদিপশু ক্ষয় ক্ষতি করে থাকেন। ফলে উপজেলা পরিষদের বন্দোবস্ত এলাকায় জরুরী ভিত্তিতে বাউন্ডারী ওয়াল/সীমানা প্রাচীর নির্মাণ করা আবশ্যক মর্মে সভায় উপস্থাপন করেন।** | (ক) বিস্তারিত আলাপ আলোচনার পর, উপজেলা পরিষদের বন্দোবস্ত এলাকায় বাউন্ডারী ওয়াল/সীমানা প্রাচীর নির্মানের বিষয়ে পরবর্তী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি কে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী (এলজিইডি)পানছড়ি |

| | | | |
|---|---|---|---|
| | **(খ) ২নং চেংগী ইউ.পি. চেয়ারম্যান জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদ হতে অত্র উপজেলার বিদ্যমান প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্য হতে শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচনের মাধ্যমে সম্মাননা ও সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছেন মর্মে সভায় অবহিত করেন এবং এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসারের প্রয়োজনীয় দিক নির্দেশনাসহ সার্বিক সহযোগিতা কামনা করেন।** | (খ) ২নং চেঙ্গী ইউনিয়ন পরিষদে শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচনের বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনাসহ সার্বিক সহযোগিতা প্রদানের উপজেলা শিক্ষা অফিসার, পানছড়ি কে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, ২নং চেঙ্গী ইউ.পি. ও উপজেলা শিক্ষা অফিসার, পানছড়ি। |
| | **(গ) উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তা আরো জানান যে, পানছড়ি বাজারের বর্জ্য যত্রতত্র স্থানে ফেলা হচ্ছে ফলে পরিবেশ দুষন কার্যক্রম ব্যাহত হচ্ছে। ফলে পরিবেশ দুষন রক্ষার্থে বর্জ্য ব্যবস্থাপনা নির্দিষ্ট জায়গায় অপসারণের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন।** | (গ) এ বিষয়ে সংশ্লিষ্ট সদর ইউ.পি. চেয়ারম্যান কে বর্জ্য ব্যবস্থাপনার অপসারণের লক্ষ্যে সুনির্দিষ্ট স্থান নির্বাচন করে বর্জ্য ব্যবস্থাপনা অপসারনের বিষয়ে পরবর্তী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান সদর ইউ.পি. পানছড়ি। |
| | **(ঘ) উপজেলা প্রকৌশলী (এজিইডি) জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে বাউন্ডারী ওয়ালটি অতিবৃষ্টির ফলে ধ্বসে পড়ে যায়। ফলে জরুরী ভিত্তিতে বাউন্ডারী ওয়ালটি মেরামত করণের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় নির্বাহ করা হয়েছে এবং ব্যয় বিলটি পরিশোধের বিষয়ে সভায় উপস্থাপন করেন।** | (ঘ) বাউন্ডারী ওয়াল মেরামতের ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি। |
| | **(ঙ) তিনি আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা পরিষদ সংলগ্ন এলাকায় নিরাপত্তা জোরদারকরণের লক্ষ্যে ক্লোজ সার্কিট ক্যামেরা (সিসি) স্থাপন এবং উপজেলা নির্বাহী অফিসের জন্য আসবাবপত্র ক্রয় বাবদ যথাক্রমে (৫০,০০০+ ৫০,০০০) = ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় নির্বাহ করা হয়েছে এবং ব্যয় বিলটি পরিশোধের বিষয়ে সভায় উপস্থাপন করেন।** | (ঙ) বিস্তারিত আলাপ আলোচনার পর, ব্যয়িত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি। |
| | **(চ) উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা জানান যে, উপজেলা পরিষদে কর্মরত জনাব মো: আরিফুজ্জামান, বাগান মালী, উপজেলা পরিষদ, পানছড়ি পবিত্র ঈদ-উল-আযহা,২০২২খ্রি: উদযাপন উপলক্ষ্যে উৎসব ভাতা দাবী করছেন এবং এ বিষয়ে সভায় উপস্থিত সকলের মতামত প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন।** | (চ) বিস্তারিত আলাপ আলোচনার পর, জনাব মো: আরিফুজ্জামান, বাগান মালী, উপজেলা পরিষদ, পানছড়ি কে পবিত্র ঈদ-উল-আযহা, ২০২২খ্রি: উদযাপন উপলক্ষ্যে ১০,৮০০/- (দশ হাজার আটশত) টাকা উৎসব ভাতা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, পানছড়ি। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(চন্দ্র দেব চাকমা)**
প্যানেল চেয়ারম্যান-১

অধিবেশন নং-৩৩তম

উপজেলা পরিষদ, পানছড়ি।

স্মারক নং-০৫(১২)/২০১৭- তারিখ- /০৬/২০২২খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮নং আসন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
৭। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। জনাব/বেগম ..................................................... ভাইস চেয়ারম্যান, পানছড়ি উপজেলা পরিষদ।
৯। উপজেলা ................................................................ কর্মকর্তা, পানছড়ি, খাগড়াছড়ি।
১০। চেয়ারম্যান, লোগাং/চেঙ্গী/পানছড়ি/লতিবান/উল্টাছড়ি ইউ.পি. পানছড়ি, খাগড়াছড়ি।
১১। ........................................................................
........................................................................... খাগড়াছড়ি পার্বত্য জেলা।

(রুবাইয়া আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, পানছড়ি।